


**নারীর অধিকার, নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ ও পারিবারিক আইন সংক্রান্ত অনলাইন কোর্স**

**ডিজএবিলিটি ল’ ক্লিনিক**

## Table of Contents


**কোর্সের পটভূমি** ........ 2
**কোর্সের উদ্দেশ্য ও প্রত্যাশিত ফলাফল** ........ 3
**কোর্সের স্থায়িত্ব ও সময়সূচী** ........ 3
**এই কোর্সে কারা অংশগ্রহণ করতে পারবেন?** ........ 4
**প্রশিক্ষক কে?** ........ 4
**কোর্স ফি** ........ 4
**কোর্স ফি কিভাবে পরিশোধ করবেন?** ........ 4
**কোর্সে রেজিস্ট্রেশনের পদ্ধতি ও সময়সূচী** ........ 4
**কোর্সে অংশগ্রহণের জন্য যোগ্যতা** ........ 4
**ভাষা** ........ 4
**প্রবেশগম্যতা ও রিজনেবল একোমোডেশন** ........ 5
**কোর্স আউটলাইন ও মেথডোলজি** ........ 5
**কমিউনিটি অব প্র্যাকটিস** ........ 6
**যোগাযোগ** ........ 6

# কোর্সের পটভূমি

বাংলাদেশে নারীগণ তাদের আর্থিক, পারিবারিক ও সামাজিক অবস্থা নির্বিশেষে নানান ধরণের বৈষম্য ও সহিংসতার শিকার হয়ে থাকেন। একজন আইনজীবী ও অধিকার কর্মী হিসেবে সবচেয়ে বেশি যে অভিযোগগুলো আমি পেয়ে থাকি সেগুলো হলোঃ

- ধর্ষণ, যৌণ সহিংসতা, যৌন শোষণ ও যৌন হয়রানী
- সামাজিক যোগাযোগ মাধ্যমে বুলিং, ভিডিও বা ছবি দিয়ে ব্ল্যাকমেইল করা।
- পারিবারিক সহিংসতা ও যৌতুক
- বৈবাহিক ও দাম্পত্ত জীবনের অসন্তুষ, স্বেচ্ছাচারী বিবাহ বিচ্ছেদ, দেনমোহর ও ভরণপোষণ না দেয়া।
- উত্তরাধিকার থেকে বঞ্চিত করা
- কর্মজীবী নারীদের উপার্জিত অর্থ ও সম্পদের উপরে স্বামী বা স্বামীর পক্ষের লোকদের নিয়ন্ত্রণ আরোপের চেষ্টা।
- আইনী পদক্ষেপ গ্রহণে বাঁধা দেয়া
- মামলার দীর্ঘসূত্রীতা ও ন্যায়বিচার থেকে বঞ্চিত হওয়া

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার নারীর অধিকার ও সুরক্ষা নিশ্চিত করার লক্ষ্যে অদ্যাবধী অসংখ্য আইন, বিধিমালা, নীতিমালা ও প্রজ্ঞাপন জারি করেছেন। উপরোক্ত প্রতিটি সমস্যা নিরসনে আইনী প্রতিকার থাকবার পরেও অধিকাংশ ভিকটিম আইনের আশ্রয় গ্রহণ করেনা। এর একটি বড় কারণ আইনী তথ্য সম্পর্কে তারা অবগত নন। কিভাবে এই প্রতিকার সহজে ও বিনামূল্যে লাভ করা যাবে সেই তথ্য ও প্রক্রিয়া জানা না থাকার কারণে ভিকটিমগণ অধিকার থেকে বঞ্চিত হচ্ছেন।

এমতাবস্থায়, বেসিক আইনী তথ্য প্রদান ও আইনী দক্ষতা তৈরীর জন্য নারীর অধিকার ও প্রতিকার শীর্ষক কোর্স পরিচালনার উদ্যোগ গ্রহণ করেছি। এই কোর্স সম্পন্ন করার পর যেকোনো ব্যক্তি নারীর প্রতি সহিংসতা সংক্রান্ত আইনী সমস্যা সমাধানের পথ খুঁজে পাবেন এবং ভিকটিম কে আইনী সমস্যা সমাধানে প্রাথমিক আইনী সেবা ও পরামর্শ প্রদান করতে পারবেন।

এই কোর্সের অধীনে আমরা নিম্নলিখিত ১৫টি আইনের সার-সংক্ষেপ সহ আন্যান্য সংশ্লিষ্ট আইন নিয়ে আলোচনা করব।

১. নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০

২. যৌতুক নিরোধ আইন, ২০১৮

৩. পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন,২০১০

৪. মানবপাচার প্রতিরোধ ও দমন আইন, ২০১২

৫. পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন, ২০১২

৬. পারিবারিক আদালত আইন, ২০২৩

৭. The Muslim Family Laws Ordinance, 1961

৮. The Muslim Marriages and Divorces (Registration) Act, 1974
৯. হিন্দু বিবাহ নিবন্ধন আইন, ২০১২
১০. পিতামাতার ভরণ-পোষণ আইন, ২০১৩
১১. প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন, ২০১৩
১২. নিউরো-ডেভেলপমেন্টাল প্রতিবন্ধী সুরক্ষা ট্রাস্ট আইন, ২০১৩
১৩. বাল্যবিবাহ নিরোধ আইন, ২০১৭
১৪. শিশু আইন, ২০১৩
১৫. আইনগত সহায়তা প্রদান আইন, ২০০০

## কোর্সের উদ্দেশ্য ও প্রত্যাশিত ফলাফল

এই কোর্সের লক্ষ্য হলো অংশগ্রহণকারীদের বাংলাদেশে প্রচলিত নারীর অধিকার ও প্রতিকার বিষয়ক আইন, আদালত ও বিচারিক প্রতিষ্ঠান সম্পর্কে মৌলিক ধারণা প্রদান করা। কোর্স সম্পন্নকারী ব্যক্তি নিম্নলিখিত বিষয়ে দক্ষতা অর্জন করবেনঃ

- বাংলাদেশের সংবিধান থেকে শুরু করে প্রচলিত আইনী কাঠামো সম্পর্কে মৌলিক ধারণা লাভ করবেন। আইনগুলো কোথায় পাওয়া যাবে সেটি জানতে পারবেন। কমিউনিটি অব প্র্যাকটিসের মাধ্যমে  নিত্য-নতুন আইন সম্পর্কে সারাজীবন আপডেটেড থাকবেন।
- অধ:স্তন আদালত থেকে উচ্চ আদালত পর্যন্ত আদালত-পরিচিতি এবং আদালতের ক্ষমতা ও অধিক্ষেত্র সম্পর্কে ধারণা লাভ করবেন।
- একসেস টু জাস্টিস তথা ন্যায়বিচার লাভের জন্য ধাপে ধাপে কি কি করণীয় সে বিষয়ে ধারণা লাভ করবেন।
- নারীর প্রতি সহিংসতা ও বৈষম্য প্রতিরোধে কি কি প্রতিকার রয়েছে সেই বিষয়ে স্পষ্ট ধারণা লাভ করবেন।
- বিনামূল্যে আইনী সেবা কিভাবে লাভ করা যায়, কারা বিনামূল্যে আইনী সেবা প্রদান করে সেই বিষয়ে ধারণা লাভ করবেন।
- ভিকটিম কে যেকোনো আইনী সমস্যায় প্রাথমিক আইনী সেবা ও পরামর্শ প্রদান করতে পারবেন।
- কমিউনিটি অব প্র্যাকটিসের সদস্য হিসেবে গ্রুপে সারাবছর বিভিন্ন ইস্যুতে আলাপ-আলোচনা করতে পারবেন এবং নিত্য-নতুন আইনী বিধি-বিধান সম্পর্কে নিজেকে বছর জুড়ে আপডেটেড রাখতে পারবেন।

## কোর্সের স্থায়িত্ব ও সময়সূচী

- প্রতি সপ্তাহে দু'টো করে চার সপ্তাহে মোট আট টি ক্লাশ হবে। ক্লাশগুলো **শুক্রবার** ও **শনিবার** অনুষ্ঠিত হবে, ফলে কর্মজীবী ব্যক্তিগণ সহজে অংশগ্রহণ করতে পারবেন।
- প্রতি ক্লাশের মেয়াদ দু'ঘন্টা করে মোট ষোল ঘন্টা ক্লাশ হবে।
- ক্লাশের বাহিরে রিডিং এসাইনমেন্ট থাকবে।

## এই কোর্সে কারা অংশগ্রহণ করতে পারবেন?

নারীর অধিকার ও প্রতিকার বিষয়ক আইনী বিধিবিধান সম্পর্কে জানতে ইচ্ছুক যেকোনো ব্যক্তি, পেশাজীবী, চাকুরিজীবী ও এনজিও কর্মী এই কোর্সের অংশগ্রহণ করতে পারবেন।

## প্রশিক্ষক কে?

মোহাম্মদ রেজাউল করিম সিদ্দিকী, আইনজীবী, সুপ্রীমকোর্ট অব বাংলাদেশ অত্র কোর্সটি পরিচালনা করবেন। জনাব রেজাউল করিম চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় থেকে এলএলবি (অনার্স) ও এলএলএম সম্পন্ন করেছেন ২০০৬ সালে। বিগত ১৮ বছর যাবৎ তিনি দেশী-বিদেশী সংস্থায় একসেস টু জাস্টিস, লিগ্যাল এইড এবং নারী ও প্রতিবন্ধী ব্যক্তিদের অধিকার ও সুরক্ষার বিষয়ে গবেষণা, এডভোকেসি, দক্ষতা উন্নয়ন ও প্রকল্প পরিচালনার দায়িত্বপালন করছেন। মানবাধিকার, নারীর অধিকার সহ বিভিন্ন প্রান্তিক মানুষের অধিকারের বিষয়ে তিনি একাধিক বই লিখেছেন এবং তার লিখা আর্টিকেলসমূহ দেশী-বিদেশী জর্নাল ও পত্র-পত্রিকায় প্রকাশিত হয়েছে। তাঁর সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করুনঃ https://rejaulsiddiquee.com/

## কোর্স ফি

এটি একটি পেইড কোর্স। কোর্সের মান ঠিক রাখা এবং কোর্স পরিচালনার ব্যয় নির্বাহের জন্য এই কোর্সের জন্য নিম্নরূপ স্লাইডিং কোর্স ফি স্ট্রাকচার নির্ধারণ করা হয়েছে।

- এনজিও, আইএনজিও তে কর্মরত সিনিয়র ব্যক্তিদের জন্য কোর্স ফি ৩৫০০ টাকা।
- এনজিও, আইএনজিও তে কর্মরত তরুণ কর্মীদের জন্য কোর্স ফি ৩০০০ টাকা।
- সাধারণ ব্যক্তি ও শিক্ষার্থীদের জন্য কোর্স ফি ২৫০০ টাকা।

## কোর্স ফি কিভাবে পরিশোধ করবেন?

- **+৮৮০ ১৭৩২১০৬৩৭৯** নম্বরে **বিকাশ** ও **নগদ** অ্যাপের মাধ্যমে কোর্স ফি পরিশোধ করা যাবে।

## কোর্সে রেজিস্ট্রেশনের পদ্ধতি ও সময়সূচী

- *আপনি* কোর্সে অংশগ্রহণে আগ্রহী হলে আমাদের সাথে যোগাযোগ করুন। আমরা আপনাকে রেজিস্ট্রেশনের জন্য একটি গুগল ফরম প্রেরণ করব। কোর্স ফি পরিশোধ সাপেক্ষে ফরম টি যথাযথভাবে পূরণ করে পাঠালে আমরা আপনাকে ক্লাশে অংশগ্রহণের লিঙ্ক সহ প্রয়োজনীয় তথ্য প্রেরণ করব।

## কোর্সে অংশগ্রহণের জন্য যোগ্যতা

এই কোর্সে অংশগ্রহণের জন্য কোনো ধরণের প্রাতিষ্ঠানিক শিক্ষাগত যোগ্যতা বা আইনী শিক্ষার প্রয়োজন নেই, কারণ এই কোর্সটি ইনক্লুসিভ পদ্ধতিতে পরিচালিত হবে।

## ভাষা

কোর্সটি বাংলা ভাষায় পরিচালিত হবে।

# প্রবেশগম্যতা ও রিজনেবল একোমোডেশন

কোর্সটি সাধারণ ও সহজ ভাষায় ধীরগতিতে পরিচালিত হবে যাতে আইনী ব্যাকগ্রাউন্ড না থাকা সত্বেও সকল জন্য প্রবেশগম্য ও সহজবোধ্য হয়। এছাড়াও কোর্সে অংশগ্রহণকারীর চাহিদা ও অনুরোধের প্রেক্ষিতে শর্ত সাপেক্ষে রিজনেবল একোমোডেশন প্রদান করা হবে।

# কোর্স আউটলাইন ও মেথডোলজি

চারটি মডিউলের সমন্বয়ে কোর্সটি গঠিত। প্রতিটি মডিউলের জন্য দু'টো ক্লাশ তথা মোট আট টি ক্লাস হবে। প্রতিটি মডিউলের তাত্বিক আলোচনা ভিত্তিক হবে, এবং একই সাথে প্র্যাকটিস নীর্ভর হবে। ক্লাশে বাস্তব ঘটনার আলোকে বিভিন্ন কেইস বা আইনী সমস্যা দেয়া হবে এবং গ্রুপে আলোচনা করে সেই কেইস সমাধান করতে হবে। প্রতিটি ক্লাশের জন্য দু'ঘন্টা হিসেবে মোট ষোল ঘন্টায় পুরো কোর্সটি সম্পন্ন হবে।

- **মডিউল ১: বাংলাদেশের আইনী কাঠামো**
  - আইন কি, আইনের শ্রেণী বিভাগ (সাবস্টেনটিভ, প্রসিডিউরাল, জেনারেল, স্পেশাল আইন ইত্যাদি)
  - কোর্ট পরিচিতি, কোর্টের ক্ষমতা ও অধিক্ষেত্র
  - কুয়াসি-জুডিশিয়াল প্রতিষ্ঠান
  - একসেস টু জাস্টিসের ধাপ সমূহ ও ন্যায়বিচার লাভের ক্ষেত্রে ধাপে ধাপে করনীয়সমূহ।

- **মডিউল ২: পারিবারিক ও দাম্পত্য্য অধিকার বিষয়ক আইন**
  - বিবাহ, তালাক, পৃথক বসবাস, দেনমোহন ও ভরণপোষণ
  - বাল্যবিবাহ নিরোধ
  - উত্তরাধিকার

- **মডিউল ৩: নারীর প্রতি সহিংসতা বিষয়ক আইন**
  - পারিবারিক সহিংসতা প্রতিরোধ ও দমন
  - যৌতুক
  - ধর্ষণ ও যৌন সহিংসতা
  - পর্নোগ্রাফি ও অনলাইনে হয়রানী
  - শিশু ও প্রতিবন্ধী ব্যক্তির অধিকার ও সুরক্ষা আইন

- **মডিউল ৪: আইন প্রয়োগ ও পদ্ধতি**
  - আইনী সহায়তা প্রদান আইন, ২০০০
  - রিট ও জনস্বার্থ মামলা

# কমিউনিটি অব প্র্যাকটিস

কোর্সটি সফলভাবে সম্পন্ন করার পর সকল অংশগ্রহণকারী একটি কমিউনিটি অব প্র্যাকটিসের অন্তর্ভুক্ত হবেন। তারা একটি হোয়াটসঅ্যাপ গ্রুপ ও একটি ফেসবুক প্রাইভেট গ্রুপের সদস্য হিসেবে নারীর অধিকার ও প্রতিকার সংক্রান্ত আইনী ইস্যুতে আলাপ-আলোচনা ও বুদ্ধি-পরামর্শ করতে পারবেন। যেকোনো আইনী সমস্যা সমাধানে একযোগে কাজ করতে পারবেন। নারীর অধিকার সংক্রান্ত আইন ও অধিকার বিষয়ক বিভিন্ন সম-সাময়িক আইনী তথ্যের আপডেট গ্রুপে শেয়ার করা হবে ফলে সকলেই এতদ বিষয়ে আপডেটেড থাকতে পারবেন। এই কমিউনিটি অব প্র্যাকটিসের সদস্যগণের জন্য "নারীর প্রতি সহিংসতা প্রতিরোধ আড্ডা" নামে মাসে একটি করে ওয়েবিনার আয়োজন করা হবে যাতে আইনী বিষয়গুলো চর্চায় রাখা যায়।

## যোগাযোগ

- মোবাইল ও হোয়াটসঅ্যাপ নম্বর: **+৮৮০ ১৭৩২১০৬৩৭৯**
- ইমেইল: **dijla.bd2016@gmail.com**

কোর্সে অংশগ্রহণে ইচ্ছুক হলে অনুগ্রহ করে নির্ধারিত সময়ের মধ্যে কোর্স ফি পরিশোধ সাপেক্ষে রেজিস্ট্রেশন ফরম পূরণ করুন।